আমাকে যেদিন তিনি এই অন্ধকার ঘরের ভার দিয়ে বল্লেন সুরঙ্গমা, এই ঘরটা প্রতিদিন তুমি প্রস্তুত করে' রেখো, এই তোমার কাজ, তখন আমি তাঁর আজ্ঞা মাথায় করে' নিলুম—আমি মনে মনেও বলিনি যারা তোমার আলোর ঘরে আলো জ্বালে তাদের কাজটি আমাকে দাও। তাই যে কাজটি নিলুম তা'র শক্তি আপনি জেগে উঠ্‌ল, কোনো বাধা পেল না।...... ঐ যে তিনি আস্‌চেন—ঘরের বাইরে এসে দাঁড়িয়েছেন। প্রভু!

বাহিরে গান

খোলো খোলো দ্বার রাখিয়ো না আর
বাহিরে আমায় দাঁড়ায়ে।
দাও সাড়া দাও এই দিকে চাও
এস দুই বাহু বাড়ায়ে॥

কাজ হ'য়ে গেছে সারা,
উঠেছে সন্ধ্যাতারা,
আলোকের খেয়া হ'য়ে গেল দেয়া
অস্ত সাগর পারায়ে।
এসেছি দুয়ারে এসেছি, আমারে
বাহিরে রেখো না দাঁড়ায়ে॥

ভরি ল'য়ে ঝারি   এনেছ কি বারি,
সেজেছ কি শুচি দুকূলে ?
বেঁধেছ কি চুল,   তুলেছ কি ফুল,
গেঁথেছ কি মালা মুকুলে ?
ধেনু এল গোঠে ফিরে,
পাখীরা এসেছে নীড়ে,
পথ ছিল যত   জুড়িয়া জগত,
আঁধারে গিয়েছে হারায়ে !
তোমারি দুয়ারে   এসেছি, আমারে
বাহিরে রেখো না দাঁড়ায়ে ॥

সুরঙ্গমা। তোমার দুয়োর কে বন্ধ রাখ্‌তে পারে রাজা ? ও ত বন্ধ নেই, কেবল ভ্যাজানো আছে, একটু ছোঁও যদি আপ্‌নি খুলে যাবে। সেটুকুও করবে না ? নিজে উঠে গিয়ে না খুলে দিলে ঢুক্‌বে না ?

গান

এ যে মোর আবরণ
ঘুচাতে কতক্ষণ ?
নিশ্বাস বায়ে   উড়ে চলে' যায়
তুমি কর যদি মন।
যদি পড়ে' থাকি ভূমে
ধূলায় ধরণী চুমে,
তুমি তারি লাগি   দ্বারে র'বে জাগি
এ কেমন তব পণ ?